26865 - রমযানরে কাযা রোযা পালনে এত বলিম্ব করা যে, পরবর্তী রমযান শুরু হয়ে যায়

প্রশ্ন

হায়যেরে কারণে আমি রমযানরে কয়কেদনি রোযা থাকতে পারনিি। এটা কয়কে বছর ঘটছে। এ পর্যন্ত আমি সে রোযাগুলো পালন করনিি। এখন আমার কী করণীয়?

প্রয়ি উত্তর

আলহামদু লল্লিাহ।.

ইমামগণরে সর্বসম্মতক্রিমে যে ব্যক্তি রমযানরে কছিু রোযা ভঙ্গেছে পরবর্তী রমযান আসার আগইে সে রোযাগুলোর কাযা পালন করা তার উপর ওয়াজবি।

এ অভমিতরে সপক্ষে তারা দললি দনে আয়শো (রাঃ) কর্তৃক বর্ণতি হাদসি তনিি বলনে: "আমার উপর রমযানরে যে রোযাগুলো কাযা থাকত সগেুলো শাবান মাসে ছাড়া কাযা পালন করতে পারতাম না। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামরে অবস্থানরে কারণে।"

হাফযে ইবনে হাজার (রহঃ):

শাবান মাসে কাযা রোযা শষে করার তার যে আগ্রহ এর থকেে বুঝা যায় যে, পরবর্তী রমযান প্রবশে করা পর্যন্ত কাযা রোযা পালনে দরেী করা জায়যে নয়।[সমাপ্ত]

যদি পরবর্তী রমযান শুরু হয়ইে যায় তাহলে দুইটি অবস্থা:

প্রথম অবস্থা:

কোন ওজররে কারণে বলিম্ব করা। যমেন- যদি অসুস্থ থাকে এবং পরবর্তী রমযান চলে আসা পর্যন্ত অসুস্থতা অব্যাহত থাকে; সক্ষেত্রেে বলিম্বরে কারণে তার গুনাহ হবে না। যহেতেু সে ওজরগ্রস্ত। তাকে শুধু কাযা পালন করতে হবে। সে যে দনিগুলোর রোযা ভঙ্গেছে সে দনিগুলোর কাযা পালন করব।ে

দ্বতিীয় অবস্থা:

কোন ওজর ছাড়া কাযা পালনে বিলম্ব করা। উদাহরণতঃ তার কাযা পালন করার সুযোগ ছিল; কিন্তু সে পালন করেনি। এর মধ্যে পরবর্তী রমযান এসে গেছে। এ ব্যক্তি ওজর ছাড়া কাযা পালনে বিলম্ব করার কারণে গুনাহগার হবে। সকল ইমাম একমত যে, তার উপর কাযা পালন করা ওয়াজিব। কিন্তু, কাযা পালনের সাথে প্রতিদিনের বদলে একজন করে তাকে মিসকীন খাওয়াতে হবে কিনা- এ বিষয়ে তারা মতভেদ করেছেন।

ইমাম শাফেয়ি, মালেক ও আহমাদের মতে, তার উপর খাওয়ানো ওয়াজিব। তারা কোন কোন সাহাবী থেকে যে অভিমত উদ্ধৃত হয়েছে; যেমন আবু হুরায়রা (রাঃ)ও ইবনে আব্বাস (রাঃ) থেকে সেটা দিয়ে দলিল দেন।

আর ইমাম আবু হানিফা (রহঃ) এর অভিমত হচ্ছে- কাযা পালন করার সাথে খাবার খাওয়াতে হবে না।

তিনি দলিল দেন যে, যে ব্যক্তি রমযানের রোযা ভঙ্গ করেছে আল্লাহ্ তাকে শুধু কাযা পালন করার নির্দেশ দিয়েছেন; খাবার খাওয়ানোর কথা উল্লেখ করেননি। আল্লাহ্ তাআলা বলেন: "আর তোমাদের মধ্যে যে ব্যক্তি অসুস্থ থাকবে অথবা সফরে থাকবে সে অন্য দিনগুলোতে এ সংখ্যা পূরণ করবে।"[সূরা বাকারা, আয়াত: ১৮৫]

দেখুন: আল-মাজমু (৬/৩৬৬), আল-মুগনি (৪/৪০০)

ইমাম বুখারী দ্বিতীয় অভিমতটি পছন্দ করেছেন। তিনি তাঁর সহিহ কিতাবে বলেন: ইব্রাহিম নাখায়ি বলেছেন: যদি অবহেলা করে এবং পরবর্তী রমযান এসে যায় তাহলে সে দুই রোযাই রাখবে। তিনি খাবার খাওয়ানোকে তার উপর আবশ্যক মনে করেন না। আবু হুরায়রা (রাঃ) থেকে মুরসাল সনদে এবং ইবনে আব্বাস (রাঃ) থেকে উদ্ধৃত করা হয় যে, তারা খাওয়ানোর অভিমত পোষণ করেন। এরপর ইমাম বুখারী বলেন: আল্লাহ্ খাওয়ানোর কথা উল্লেখ করেননি। তিনি উল্লেখ করেছেন: "অন্য দিনগুলোতে এ সংখ্যা পূরণ করবে"।[সমাপ্ত]

শাইখ উছাইমীন (রহঃ) 'খাওয়ানো ওয়াজিব নয়' এ অভিমতটি সাব্যস্ত করতে গিয়ে বলেন: যদি সাহাবীদের মতামত কুরআনের বাহ্যিক ভাবের বিপরীত হয় তাহলে সেটাকে দলিল হিসেবে গ্রহণ করতে আপত্তি আছে। এ মাসয়ালাতে খাওয়ানোটাকে আবশ্যক করা কুরআনের বাহ্যিক ভাবের বিপরীত। কেননা আল্লাহ্ তাআলা শুধুমাত্র অন্য দিনগুলোতে কাযা পালন করা আবশ্যক করেছেন। এর চেয়ে বেশি কিছু আবশ্যক করেননি। অতএব, আমরা আল্লাহ্র বান্দাদের উপর এমন কিছু আবশ্যক করতে পারি না যা আল্লাহ্ তাদের উপর আবশ্যক করেননি; এমন কোন দলিল ছাড়া যে দলিলের মাধ্যমে ব্যক্তির দায় মুক্ত হতে পারে। ইবনে আব্বাস (রাঃ) ও আবু হুরায়রা (রাঃ) থেকে যে অভিমত বর্ণিত হয়েছে সেটা পালন করাকে মুস্তাহাব হিসেবে ব্যাখ্যা করা যেতে পারে; ওয়াজিব হিসেবে নয়।

অতএব, এ মাসয়ালায় সঠিক অভিমত হচ্ছে-আমরা তাকে রোযা রাখার চেয়ে বেশি কোন দায়িত্ব দিই না। তবে, বিলম্ব করার কারণে সে ব্যক্তি গুনাহগার হবে।[সমাপ্ত]

এই আলোচনার ভিত্তিতে বলা যায়, এক্ষত্রেে ওয়াজবি হল: কাযা পালন করা। তবে, সতর্কতামূলক কউে যদি প্রতদিনিরে বদলে একজন করে মসিকীন খাওয়ায় তাহলে সটো ভাল।

প্রশ্নকারী বোনরে কর্তব্য হল: যদি তনিি কোন ওজর ছাড়া কাযা রোযা পালনে বলিম্ব করে থাকনে তাহলে তনিি আল্লাহ্র কাছে তওবা করবনে। ভবষি্যতে এ ধরণরে গুনাহ না করার দৃঢ় সদি্ধান্ত নবিনে।

আমরা শুধু আল্লাহ্র কাছইে প্রার্থনা করতে পারি তনিি যনে আমাদরেকে তার প্রয়ি ও সন্তুষ্টমিূলক আমল করার তাওফকি দনে।

আল্লাহ্ই সর্বজ্ঞ।